# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)
# টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী স্টেশন রোড শাখা এর ঋণগ্রহীতা মেসার্স শাহ আলী ক্যামিকেলস, স্বত্ত্বাধিকারীঃ জনাব মোঃ মাইনুদ্দীন, পিতাঃ মৌলভী আমজাদ হোসেন, মাতাঃ ফজিলাতুন নেছা, ব্যবসায়িক ঠিকানাঃ ই-২, সমবায় কমপ্লেক্স, টঙ্গী, গাজীপুর, স্থায়ী ঠিকানাঃ গ্রাম +পোঃ নলধনি, থানাঃ ধুমকি, জেলাঃ পটুয়াখালী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৯/০২/২০২৪ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ২,৬০,৬১,৬৪৬.০০ টাকা (দুই কোটি ষাট লক্ষ একষট্টি হাজার ছয়শত ছেচল্লিশ) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

SCHUDULE-A

All that piece and parcel of land measuring 22.75 (Twenty two point seven five) Decimal, along with all structures already constructed and/or to be constructed thereon, situated within District-Gazipur, Police Station-Gazipur Sadar & Sub-Registry Office-Tongi, Gazipur, under Gazipur Collectorate Touzi, J.L. No. Sabek 154, R.S. 88, Mouza-Maijgaon, pertaining to the Khatian Nos. C.S. 55, S.A. 77, R.S. 89; corresponding Dag Nos. C.S. & S.A. 18, R.S. 66; which is butted & bounded by-On the North: Gan Mohon & others; On the South: Islam Uddin & others; On the East: Afaj Uddin's sold land & On the West: Islam Uddin & other.

SCHEDULE-B

All that piece and parcel of land measuring 9.075 (Nine point zero seven five) Decimal, along with all structures already constructed and/or to be constructed thereon, situated within District-Gazipur, Police Station & Sub-Registry Office Tongi, Gazipur, under Gazipur Collectorate Touzi, J.L. No. C.S. & S.A. 114, R.S. 23, Mouza-Gutia, pertaining to the Khatian Nos. C.S. 84, S.A. 105, R.S. 92; corresponding Dag Nos. C.S. & S.A. 527, R.S. 552; which is butted & bounded by-On the North: Road; On the South: M. A. Salam Khan; On the East: Md. Jafor Hossain & On the West: Road.

SCHUDDLE-C

All that piece and parcel of land measuring 7.07 (Seven point zero seven) Decimal, along with all structures have already been constructed or to be constructed thereon, situated within District-Gazipur, Police Station & Sub Registry Office-Tongi J.L. Nos. Sabek 114, Hal 23, Mouza-Gotia, pertaining to the Khatian Nos.C.S 79 S.A. 100, R.S.175, [Mutation Khatian No.595 and Jot No. 981] corresponds to Dag Nos. C.S. & S.A. 411 R.S. 433; which is butted and bounded by: On the North: Road and Govt hat. On the South: Md. Ajgor Ali; On the East: Md. Jalilur Rahman; On the West: Sankor Bihari Mollick.

**নিলামের শর্তাবলী**

(১) আগামী ১৫/০৪/২০২৪ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী স্টেশন রোড শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী স্টেশন রোড শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।**